# স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৫

## সাম্মানিক বাংলা

### সেমেস্টার : ৬ : কোর্স : ৪ (H-16)

সময় : ৩ ঘণ্টা | পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও

### একক - ১

১। প্রেমেন্দ্র মিত্রের 'হঠাৎ যদি' কবিতায় কিশোর মনের রোমাঞ্চ ও আবেগ যেভাবে প্রকাশ পেয়েছে তা আলোচনা করো। ১০

২। বুদ্ধদেব বসুর "পরী-মা'র পত্র—রুমিকে" কবিতায় পরী-মা কীভাবে পরীকে বড়ো হবার উপদেশ দিয়েছে তা আলোচনা করো। রূপকথা ও জীবনকথা কীভাবে এখানে মিশেছে? ৮+২=১০

৩। সুনির্মল বসুর 'সামিয়ানা' কবিতা কেবল কৌতুকের কবিতা নয়, সামাজিক বৈষম্যের ছবিটিও এখানে ধরা পড়েছে। — আলোচনা করো। ১০

### একক - ২

৪। জাদুশিল্পের প্রতি সত্যজিৎ রায়ের আকর্ষণবোধ ছিল প্রবল। কখনো বা সেই আকর্ষণবোধ ছুঁয়ে থাকত অতিপ্রাকৃতের সীমা। 'ভূতো' গল্পটি তার অন্যতম নিদর্শন। — আলোচনা করো। ১০

৫। 'সময়' গল্পে কাহিনিকে বর্তমান এবং ভবিষ্যতে নিয়ে যাওয়ার যে-রীতি লেখক উদ্‌ভাবন করেছেন তার তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৬। ভূতজীবন ও মানবজীবন একত্রিত করে 'লুল্লু' গল্পে যে হাস্যরস প্রবাহিত হয়েছে তাতে ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের শৈল্পিক নিপুণতার পরিচয় পাওয়া যায় — আলোচনা করো। ১০

### একক - ৩

৭। পদিপিসির বর্মিবাক্স যেখানে পাওয়া গেল সেখানে বড়োরা নয়, একটি ছোটো ছেলেই শারীরিকভাবে যেতে পেরেছিল। বড়োদের ভূগোল ও ছোটোদের ভূগোল লীলা মজুমদারের রচনায় বারে বারেই আলাদা হয়ে যায়। — 'পদিপিসির বর্মিবাক্স' অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

৮। 'হাস্য' 'পদিপিসির বর্মিবাক্স' রচনার অন্যতম উপাদান — পর্যালোচনা করো। ১০

৯। গজার জীবন-কাহিনি লীলা মজুমদার তাঁর 'পদিপিসির বর্মিবাক্স' উপন্যাসে যে বয়ন কৌশলে প্রকাশ করেছেন তার পরিচয় দাও। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি**) : ২×৫=১০

(ক) 'চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে?'

(খ) আনক্যানি

(গ) 'আশ্চর্য!' পত্রিকার গুরুত্ব

(ঘ) সবুজ রাক্ষস

(ঙ) পদিপিসি

(চ) বর্মিবাক্স